

স্মারক নং-ই.আ.বি/একা-৩৮/কা. প্রা. রেজিঃ/২০১৭/ ৪৭৪০

তারিখ ০৫/০২/২০১৮


বিজ্ঞপ্তি

কামিল প্রাইভেট অনলাইন রেজিস্ট্রেশনের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল প্রাইভেট রেজিস্ট্রেশনের অনুমতিপ্রাপ্ত মাদরাসাসমূহের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বছর মেয়াদী) শ্রেণিতে ১ম পর্বে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন আগামী ১০.০২.২০১৮খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

অনলাইন রেজিস্ট্রেশন চলাকালীন সময়ে **Final Submit** এর কোনো অপশন দেয়া থাকবে না। পরবর্তীতে ১১.০২.২০১৮খ্রি. তারিখে **Final Submit** করতে হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করে পরবর্তীতে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে অনলাইন ব্যাংকিং/টি.টি- এর মাধ্যমে ভর্তি ফি' জমার মূল রশিদ, ২ কপি eSIF লিস্ট এবং শিক্ষার্থীদের দাখিল, আলিম ও অনার্স পাসের মূল সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্টের (সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) ফটোকপি সরাসরি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বহিলা, মোহাম্মদপুর, ঢাকা কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

- কোনো অবস্থাতেই ছাত্র-ছাত্রীদের বাপসা ছবি দেয়া যাবে না।
- **Final Submit** একবার করার পর কোনো অবস্থাতেই **Lock** খুলে দেয়া হবে না।
- নির্ধারিত তারিখের পর কোনো শিক্ষার্থীর অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ প্রদান করা হবে না।


রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ৫.২.১৪
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়